গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির বছরব্যাপী গৃহীতব্য কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব মোঃ মহিউদ্দীন খান**<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ, বেলা ১১.০০ টা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহিদের জীবন এর বিনিময়ে এবং ২ লক্ষের অধিক মা বোনের পরম ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। তাদের সকলকে তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। এ পর্যায়ে তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন)'কে আহবান জানান। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, গত ০৩.০১.২০২১ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক, এমপি মহোদয়ের সভাপতিত্বে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত গঠিত **মন্ত্রিসভা কমিটি'র** সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে **২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১** পর্যন্ত সময়কালেল জন্য কর্মসূচি প্রণয়ন করা হয়। তিনি আরও জানান যে, মন্ত্রিসভা কমিটি কর্তৃক প্রণীত সুবর্ণজয়ন্তীর কর্মসূচির মধ্যে মন্ত্রণালয়/বিভাগের বছরব্যাপী কর্মসূচিও অন্তর্ভুক্ত রয়েছে। তবে মন্ত্রণালয়/বিভাগসমূহ এর বাইরেও কর্মসূচি গ্রহণ করতে পারে। মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি থেকে মন্ত্রিসভা কমিটি বাছাই করে কোন কর্মসূচি জাতীয় কর্মসূচি-তে অন্তর্ভুক্ত হবে তা নির্ধারণ করা হবে। এ লক্ষ্যে, সুবর্ণজয়ন্তীর জাতীয় কর্মসূচির সাথে সমন্বয়ের নিমিত্তে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির বছরব্যাপী গৃহীতব্য কর্মসূচির তথ্য মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ে প্রেরণ করা আবশ্যক।

২.০ অত:পর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রম | গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা | বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **(ক) সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন** | | | | |
| ১. | স্বাধীনতা পরবর্তী সময়ে মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **বিশেষ প্রকাশনা।** | আগস্ট/২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে পুস্তিকা প্রণয়নের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সওজ অধিদপ্তর |
| ২. | স্বাধীনতা পরবর্তী মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে Audio Visual Documentary **তৈরি।** | জুলাই/২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে Audio Visual Documentary প্রণয়নের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এবং সওজ অধিদপ্তর |
| ৩. | **২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১** পর্যন্ত সময়কালে মহান স্বাধীনতার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ তারিখে সভা/সেমিনার/প্রতিযোগিতা/রক্তদান কর্মসূচি আয়োজন। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়ে স্ব স্ব ব্যবস্থাপনায় স্বাধীনতা, মুক্তিযুদ্ধের ইতিহাস ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে সভা/সেমিনার/প্রতিযোগিতা/রক্তদান কর্মসূচি আয়োজনের সম্ভাব্য তারিখ নির্ধারণ পূর্বক পূর্ণাঙ্গ তালিকা আগামী ২৫.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |



Scanned with CamScanner

| ক্রম | গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা | বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র দাপ্তরিক কাজে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **বিশেষ খাম** ব্যবহার। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত খাম মুদ্রণ ও ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| ৫. | সাইকেল র‍্যালি | ১৬ ডিসেম্বর ২০২১ | রুট নির্ধারণপূর্বক ঢাকা-গোপালগঞ্জ সাইকেল র‍্যালি আয়োজন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিটিসিএ |
| ৬. | **কারাগারের রোজনামচা** ও **অসমাপ্ত আত্মজীবনী** বই ২টি বিতরণ ও পাঠ প্রতিযোগিতা | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়কালে **কারাগারের রোজনামচা** ও **অসমাপ্ত আত্মজীবনী** বই ২টি সকল পর্যায়ের দপ্তর/মাঠ পর্যায়ের কার্যালয়ের মধ্যে বিতরণ এবং বই ২টি'র উপর অনলাইন প্রতিযোগিতা'র আয়োজন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| ৭. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** বিতরণ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়কালে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** প্রস্তুত করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| **খ. ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন** | | | | |
| ৮. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। | ২৬ মার্চ ২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনের উদ্যোগ নিতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |
| **(গ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশের দূতাবাসসমূহ এবং জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ** | | | | |
| ৯. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সম্ভাব্য কর্মসূচি গ্রহণ। | ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখে স্ব স্ব ব্যবস্থাপনায় গৃহীতব্য কর্মসূচির তালিকা আগামী ২৫.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |
| **(ঘ) বিবিধ** | | | | |
| ১০. | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ। | - | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে ইতোপূর্বে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ চালু থাকবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, |



Scanned with CamScanner

| ক্রম | গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা | বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | | বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |
| ১১. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিজস্ব কর্মসূচি গ্রহণ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক উল্লেখিত কর্মসূচির বাইরে নিজস্ব কর্মসূচি গ্রহণ করতে পারবে। গৃহীতব্য কর্মসূচির তালিকা আগামী ২৫.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |

৩.০ আলোচ্যসূচি-তে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় আগামী ২৮.০২.২০২১ তারিখ বিকাল ০৩.০০ টায় কমিটি'র ২য় সভায় অংশগ্রহণের আহ্বান জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/=**
**২২.০২.২০২১**
**(মোঃ মহিউদ্দীন খান)**
অতিরিক্ত সচিব (প্রশাসন)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০১০.৯৯.০০৫.২১-৩৩

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), দক্ষিণ নগর ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি), পরিবহণ ভবন, মতিঝিল, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৬. জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, (অতিরিক্ত সচিব) অতিরিক্ত প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-১, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৮. উপসচিব (রক্ষণাবেক্ষণ, বাজেট, ডিএফডি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. জনাব মোঃ জিকরুল হাসান, অতিরিক্ত প্রকল্প পরিচালক, সাসেক প্রকল্প, সওজ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২. সিনিয়র সহকারী সচিব (সওজ গেজেটেড সংস্থাপন, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩. জনাব মোহাম্মদ সাইদুর রহমান, ম্যানেজার (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি), পরিবহণ ভবন, মতিঝিল, ঢাকা।
১৪. জনাব মোঃ শহীদুল্লাহ, উপপরিচালক (রোড সেফটি), নতুন বিমান বন্দর সড়ক বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
১৫. জনাব মোঃ তুষার, ডেপুটি মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), দক্ষিণ নগর ভবন, ঢাকা।
১৬. অফিস কপি।

২৩.০২.২০২১
(মুহাম্মদ আব্দুর রাহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫২৮
ই- মেইল : dsaudit@rthd.gov.bd



Scanned with CamScanner